...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.১৭.০০১.১৮.৭০৯

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১
১৪ জুলাই ২০২৪

বিষয়: **কারণ দর্শানোর নোটিশ।**


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ সনের হজ মৌসুমে হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ২৫৯ টি এজেন্সি/লিড এজেন্সির মধ্যে 'খিদমাহ ওভারসীজ' (হ.লা. নং ১৪০১) একটি। এ এজেন্সির নিবন্ধিত হজযাত্রী ১৪১ জন এর সাথে সমন্বয়কারী এজেন্সি হিসেবে ৫৬ জন হজযাত্রী নিয়ে 'জিলহজ্ব ট্রাভেলস' (হ.লা. নং ০৩২১), ৫৪ জন হজযাত্রী নিয়ে 'আত-তাবলীগ হজ সার্ভিস' (হ.লা. নং ১৩৪২) এবং ৪০ জন হজযাত্রী নিয়ে 'আল-তাকওয়া হজ কাফেলা ট্যুরস এন্ড ট্রাভেলস' (হ.লা নং ০৬৭৬) হজ কার্যক্রমে অংশগ্রহণ করে। গত ০৯ মে ২০২৪ তারিখ হতে হজ ফ্লাইট শুরু হয়ে ১২ জুন ২০২৪ তারিখ পর্যন্ত অব্যাহত থাকে। হজযাত্রীদের সৌদি আরবে গমনের শেষ পর্যায়ে অর্থাৎ ১১ জুন ভোর ০৫.৫৫ টার ফ্লাইনাস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে (ফ্লাইট নং XY8392) লিড এজেন্সি 'খিদমাহ ওভারসীজ' এর মোট ১৯৫ জন হজযাত্রীর মধ্যে ঐ এজেন্সির ১১১ জন, সমন্বয়কারী এজেন্সি 'জিলহজ্ব ট্রাভেলস' এর ৩৪ জন এবং 'আত-তাবলীগ হজ সার্ভিস' এর ৩৭ জন নিবন্ধিত হজযাত্রী ছিলেন।

০২। ফ্লাইনাস এয়ারলাইন্সের (XY8392) বর্ণিত ফ্লাইটে লিড এজেন্সি 'খিদমাহ ওভারসীজ' (হ.লা. নং ১৪০১) এর হজযাত্রীদের চেক ইন চলাকালে তামাক পাতা, জর্দা ও বিড়িসহ একটি লাগেজ সনাক্ত হয়। নেশা জাতীয় সামগ্রীসহ লাগেজ সনাক্ত হওয়ার পর 'খিদমাহ ওভারসীজ' (হ.লা. নং ১৪০১) এর মোনাজ্জেম জনাব মোহাম্মদ আব্দুস সালাম, জিলহজ ট্রাভেলস এর স্বত্বাধিকারী জনাব মো: আবদুস সাত্তার এবং গ্রুপ লিডার জনাব মো: বাবুল মিয়া (পিআইডি-১৪০১২০৮) সনাক্তকৃত উক্ত লাগেজসহ আরো ৩০ টি লাগেজ নিয়ে হজক্যাম্প ত্যাগের চেষ্টা করলে ক্যাম্পের মূল ফটকে বাংলাদেশ স্কাউটের সদস্য এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক লাগেজসমূহ জব্দ করা হয়। উক্ত ৩০ টি লাগেজের মধ্যে ০২ টি লাগেজের তালা ভেঙ্গে তাতে বিপুল পরিমাণ তামাক পাতা, জর্দ্দা ও বিড়ি পাওয়া যায়। সেখানে প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রুপ লিডার জনাব মো: বাবুল মিয়া জানান ৩০ টি লাগেজের সবগুলোতেই অনুরূপ সামগ্রী আছে। বর্তমানে উক্ত ৩০ টি লাগেজ হজ অফিস, আশকোনা, ঢাকায় জব্দ অবস্থায় রয়েছে। উল্লেখ্য, ০২ টি লাগেজ ব্যতীত প্রায় সকল লাগেজেই হজযাত্রীর নামসহ কোন তথ্য পাওয়া যায়নি। লাগেজগুলোর অভ্যন্তরে রক্ষিত অবৈধ পণ্য সামগ্রী হজযাত্রীর নয় বরং সংশ্লিষ্ট ৩ টি এজেন্সির যারা পরিকল্পিতভাবেই এই অবৈধ কাজটি করতে চেয়েছিলেন বলে প্রতীয়মান হয়।

০৩। সৌদি আরবগামী ফ্লাইটে তামাক পাতা-জর্দ্দা ও বিড়ি পরিবহনে সৌদি সরকারের নিষেধাজ্ঞা রয়েছে। জেদ্দা বিমান বন্দরে ইতোপূর্বে হজযাত্রীর লাগেজে তামাক পাতা-জর্দ্দা ও গুল ধরা পড়লে রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে লিখিতভাবে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানায়। তামাক পাতা-জর্দ্দা ও গুল ভর্তি এই ৩০ টি লাগেজ সৌদি বিমান বন্দরে ধরা পড়লে বাংলাদেশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হতো এবং সৌদি আরব ও বাংলাদেশের মধ্যকার দ্বি-পাক্ষিক সম্পর্কে নেতিবাচক প্রভাব পড়তো। এ ধরনের কার্যক্রম হজ এজেন্সির জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর পরিপন্থি।

০৪। এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রম হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১২ (খ) (জ) (ঞ) এবং (ঢ)

মোতাবেক অনিয়ম ও অসদাচরণ হিসেবে বিবেচিত এবং তৎপ্রেক্ষিতে ধারা ১৩ (১) ও (২) অনুসারে কেন লিড এজেন্সিসহ সংশ্লিষ্ট দুটি সমন্বয়কারী এজেন্সির হজ লাইসেন্স বাতিলসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা ৩০ জুলাই ২০২৪ এর মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশক্রমে অবগত করা হলো। উল্লেখ্য, বর্ণিত ঘটনার প্রেক্ষিতে বিমানবন্দর থানায় ইতোমধ্যে সাধারণ ডায়েরি (জিডি নং ৭২৯) করা হয়েছে।



১৪-৭-২০২৪
মো. তফিকুল ইসলাম
সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১৩৮০
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১১৬
ইমেইল: umrah_sec@mora.gov.bd


বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১) স্বত্বাধিকারী/অংশীদার, খিদমাহ ওভারসীজ (হ.লা. নং ১৪০১), ৫ (বি) ৫১/১, ভিআইপি রোড, পল্টন, ঢাকা,

২) স্বত্বাধিকারী/অংশীদার, জিলহজ্ব ট্রাভেলস (হ.লা. নং ০৩২১), ২৩৮, জেলা পরিষদ মার্কেট, পূর্ব আগানগর, কেরানীগঞ্জ, ঢাকা, ।

৩) স্বত্বাধিকারী/অংশীদার, আত-তাবলীগ হজ সার্ভিস (হ.লা. নং ১৩৪২), ১ নং (২য় তলা) নতুন বিল্ডিং, জেলা পরিষদ মার্কেট, পূর্ব আগানগর, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা, ।

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.১৭.০০১.১৮.৭০৯/১(১৪) তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১ / ১৪ জুলাই ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর, কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২) সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

৫) চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।

৬) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।

৭) নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

৮) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।

৯) মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১০) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, পল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে জানানোর অনুরোধসহ)।

১৩) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (বর্ণিত এজেন্সিসমূহের ইউজার ও পাসওয়ার্ড বন্ধকরণসহ হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

১৪) অফিস কপি।

১৪-৭-২০২৪
মো. তফিকুল ইসলাম
সহকারী সচিব